

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি ভবন
৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী
তেজগাঁও, ঢাকা-১২০৮।
(হিসাব ও বাজেট শাখা)
web: www.dlrs.gov.bd


স্মারক নং ৩১.০৩.০০০০.০০২.১৮.১১২.২০ -২১

তারিখ: ১০-০১-২০২৫ খ্রি:

বিষয়: জোনাল সেটেলমেন্ট অফিসের অধীন উপজেলা সেটেলমেন্ট অফিসসমূহে কম্পিউটার সরবরাহের লক্ষ্যে আগামী ২০২৫-২৬ অর্থবছরে কম্পিউটার ও আনুষঙ্গিক খাতে বরাদ্দ বৃদ্ধিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জোনাল সেটেলমেন্ট অফিসের অধীন মাঠ পর্যায়ের জরিপ কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে ইতোমধ্যে নতুন জনবল নিয়োগের মাধ্যমে পদায়ন করা হয়েছে এবং আরও জনবল নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। উপজেলা সেটেলমেন্ট অফিসের তথ্য পর্যালোচনায় দেখা যায়, অনেক উপজেলা সেটেলমেন্ট অফিসের প্রশাসনিক ও ডিজিটাল জরিপ কার্যক্রমের জন্য উপযুক্ত কম্পিউটার ও আনুষঙ্গিক সেট নেই। আগামী ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন প্রণয়নের পর্যায়ে রয়েছে এবং ইতোমধ্যে প্রাক্কলনের ব্যয় সীমা প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, উপজেলা সেটেলমেন্ট অফিসসমূহে ব্যবহারের জন্য জোনাল সেটেলমেন্ট অফিসের বাজেট প্রণয়নে মূলধন ব্যয়ের আওতায় ৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সংস্থান রাখার জন্য অনুরোধ করা হলো।


২০.০১.২৫

সৈয়দ রবিউল ইসলাম
পরিচালক (প্রশাসন)
☎ ৪১০২৪৬০৯।

বিতরণ ও কার্যার্থে :

০১. জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল)।